

কবর

হিন্দোল ভট্টাচার্য

বৃষ্টির ভিতরে দেখি তোমার মুখ ভেসে আসছে অচেনা হাওয়ায়
ভেঙে টুকরো টুকরো হয়ে ভিজিয়ে দিচ্ছে আকাশ
সান্ত্বনার পাশে বর্ণচোরা হাসি, হাহাকার করতে করতে জাপ্টে ধরছে
ভুলে গেছি কীভাবে ছুরির হাতল তোমার মুঠোর মধ্যে ছিল একদিন
কার্নিস জুড়ে নৈশব্দ, আঙুলের ফাঁক দিয়ে গড়িয়ে পড়া মেঘ
তোমার ঘুমন্ত মুখ, কীভাবে জাগায়
কীভাবে একপশলা হেসে আবার অরেক পশলার দিকে চলে যায়
তার মানে কী দুপুর ভাল নয়, ভাল নয় ঘুমের নিচে গড়িয়ে যাওয়া
মৃত্যুর সঙ্গে হাজার বছরের কথোপকথন শুনে
স্বপ্নের ভিতর চমকে ওঠা বারবার
ভাল নয় সারারাত কী ভয় পাতার শব্দ
পায়ে হেঁটে ফিরে যাওয়া ঘুম
অ্যাসবেস্টাসের উপর বৃষ্টি না আমি কে কার সঙ্গে শুয়ে পড়ে আজ
আবার নতুন করে ঘুমিয়ে পড়ার জন্য ঘুম থেকে ডেকে তুলবে আজ
বৃষ্টির ভিতরে দেখি তোমার-তোমারই মুখ, দূরে চলে যাওয়ার শব্দে
আমার আর ঘুম থেকে উঠে পড়তে ইচ্ছে হয় না
পিছু ফিরে তাকাতেও ইচ্ছে হয় না কখনও কখনও
নিজেকে টাঙিয়ে রাখি অল্প রোদ মেখে
ভুলে যাই শ্বাসরুদ্ধ ছুরি, ভুলে যাই ফিনকি দিয়ে নেমে আসা আমার
চোখের জল.....ভুলে যাই আমার ফেরার কথা ছিল না কোথাও
এই বৃষ্টি অনেকদূর ডাক দেয়, ফিরে আসতে বলে